

যশোর বোর্ডে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা কমে যাচ্ছে

যশোর অফিস

যশোর শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা উদ্বেগজনক হারে কমে যাচ্ছে। গত ৫ বছরে পরীক্ষার্থী কমেছে ৩৭ শতাংশ। পরীক্ষার্থী হ্রাসের কারণ হিসেবে শিক্ষকরা বলেছেন, বোর্ডের কড়াকড়ির কারণে তারা যোগ্যতাসম্পন্ন ছাত্রছাত্রী ছাড়া অন্যদের পরীক্ষায় অংশ নিতে দিচ্ছেন না। অন্যদিকে বোর্ড কর্তৃপক্ষ বলেছে, নতুন রোধে কড়াকড়ি করার অনেক ছাত্রছাত্রী পরীক্ষায় আগ্রহ হারাচ্ছে।

যশোর বোর্ড সূত্রে জানা গেছে, এবার এসএসসি পরীক্ষায় ১০১টি কেন্দ্রে ১ লাখ ৪ হাজার ২৫১ জন পরীক্ষার্থী অংশ নেবে। ২০০০ সালে এর সংখ্যা ছিল ১ লাখ ৬৬ হাজার। এই হিসেবে গত ৫ বছরে পরীক্ষার্থী হ্রাসের হার ৩৭ শতাংশ। প্রতিবছর পরীক্ষার্থী হ্রাসের হার অব্যাহত রয়েছে। ২০০২ সালে পরীক্ষার্থী ছিল ১ লাখ ২০ হাজার। ২০০৩ সালে ছিল ১ লাখ ১৮ হাজার, ২০০৪ সালে ছিল ১ লাখ ৫ হাজার। সব মিলিয়ে পরীক্ষার্থী হ্রাসের হার ২০০১ সালে ৪৫ শতাংশ, ২০০২ সালে ২৬ শতাংশ, ২০০৩ সালে ২৯ শতাংশ এবং ২০০৪-০৫ সালে ৩৭ শতাংশ।

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আমিরুল আলম বান সংবাদকে বলেন, নতুন প্রতিরোধে কড়াকড়ি করার অযোগ্য ছাত্ররা পরীক্ষায় অংশগ্রহণ নিরুৎসাহিত হচ্ছে। ফলে পরীক্ষার্থীর সংখ্যা কমেছে।

এ প্রসঙ্গে মাধ্যমিক শিক্ষক সমিতির জেলা পর্যায়ের একজন কর্মকর্তা বলেছেন অন্যকথা। তার মতে পরীক্ষায় খরাপ ফলাফলের কারণে সরকার নগ্নশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণের বিধান করেছে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল খারাপ তাদের এমপিও বাতিল করা হচ্ছে। এছাড়া এক বিষয়ে অকৃতকার্য ছাত্রছাত্রীদেরও কেন্দ্রে পাঠানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞা রয়েছে। তাই শিক্ষা প্রতিষ্ঠানগুলো এখন কঠোর মনোভাব গ্রহণ করেছে।